

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়  
বাজেট/প্রশাসন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-২৯.০০.০০০০.২১৮.০৭.০০৮.১৪-২১৮

তারিখ : ১৫ ডিসেম্বর ২০১৪

প্রেরক : মোঃ মজিবুর রহমান  
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : ব্যবস্থাপনা পরিচালক  
প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড  
১৫১-১৫২, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।


বিষয় : মিতসুবিশি পাজেরো স্পোর্ট জীপ গাড়ী সরবরাহের কার্যাদেশ।

- সূত্র : (১) নং-২৯.০০.০০০০.২১৮.০৭.০০৮.১৪-৭০ তারিখঃ ১০/০৯/২০১৪ খ্রিঃ  
(২) প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ এর স্মারক নং-৩৬.০৯৩.০৩০.০৯.৭৭.০০৫.২০১৪-১১২ তারিখঃ ১১/০৯/২০১৪  
(৩) ২৯.০০.০০০০.২১৮.০৭.০০৮.১৪- তারিখ : ২০ নভেম্বর ২০১৪  
(৪) প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ এর স্মারক নং-৩৬.০৯৩.০৩০.০৯.৭৭.০০৫.২০১৪-১১২ তারিখঃ ১১/০৯/২০১৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও অন্যান্য উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্তৃক পরিদর্শনের কাজে ব্যবহারের নিমিত্ত গত ০১/১০/২০১৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের গাড়ী ক্রয় সংক্রান্ত টেন্ডার কমিটির সভায় তার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দরপত্র গৃহীত হয়। উক্ত কমিটির সুপারিশ এবং মন্ত্রণালয়ের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোলিখিত স্পেসিফিকেশন, মূল্য এবং শর্তনুযায়ী ০১(এক)টি মিতসুবিশি পাজেরো স্পোর্ট জীপ গাড়ী (সম্পূর্ণ নতুন) সরবরাহের জন্য নির্দেশক্রমে কার্যাদেশ প্রদান করা হলোঃ


মেক/মডেল/স্পেসিফিকেশন	সংখ্যা	প্রতিটির একক মূল্য
মিতসুবিশি পাজেরো স্পোর্ট জীপ, ৪ডব্লিউডি, ৫-দরজা, ৭-আসন বিশিষ্ট, ডিজেল ইঞ্জিন, ৪-সিলিন্ডার, মডেল কোড নং-KH4WGNMZR, অশ্বশক্তি ১০০কিঃওঃ(১৩৬পিএস)/৩৫০০-আরপিএম, ডানহস্তে চালিত, হার্ডটপ (মেটাল), ২৪৭৭সিসি, ইলেকট্রিক্যাল সিস্টেম-১২ভোল্ট, হুইলবেস-২৮০০মিমি, পাওয়ার স্টিয়ারিং, অতিরিক্ত চাকা-১টি, আনুসাংগিক টুলস, থাইল্যান্ড অরিজিন (বাংলাদেশে সংযোজিত-২০১৪ইং), রং কালো।  Safety Features : শক্তিশালী ব্রেক সিস্টেম (ABS with EBD), সামনের SRS এয়ার ব্যাগ (ড্রাইভার এবং সামনের যাত্রী), মধ্যম সারি এবং সামনের সারি ড্রাইভারসহ সীটবেল্ট, Side door impact bars (High mount stop lamp), Child protection rear door lock.  Comfort & Convenience : Built in A/C & Pear-Cooler, Central Power door-lock, Power windows, 4-speakers & Roof antenna, Remot key-2Pcs.	০১(এক) টি	৬৮,৫০,০০০/-
	সর্বমোট =	৬৮,৫০,০০০/-
কথায় : আটষট্টি লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র।		

চলমান পাতা-০২



শর্তাবলী :

- (১) মিতসুবিশি পাজেরো স্পোর্ট জীপ গাড়িটি উপরে বর্ণিত মডেল/স্পেসিফিকেশন অনুযায়ী এ মন্ত্রণালয়ের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট সন্তোষজনকভাবে হস্তান্তর করতে হবে;
- (২) উক্ত ব্যয় চলি ২০১৪-১৫ অর্থ বছরের অত্র মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দ খাত নং-৫৫০১ সচিবালয়-৩-০০০১-৬৮০০ সম্পদ সংগ্রহ/ক্রয় গ্রুপের ৬৮০৭ মোটর যান ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে;
- (৩) বিল হতে সরকারী বিধি মোতাবেক আয়কর কর্তন করা হবে;
- (৪) জীপ গাড়িটি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নামে রেজিস্ট্রেশন হবে;
- (৫) সরবরাহের তারিখ হতে ০১(এক) বছর বিক্রয়োত্তর সেবা প্রদান করতে হবে;
- (৬) মিতসুবিশি পাজেরো স্পোর্ট জীপ গাড়িটির মূল্য ডিডি/পে-অর্ডার/ক্রসড চেক এর মাধ্যমে পরিশোধ করা হবে।



(মোঃ মজিবুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০০৮

(e-mail-a.mochta@yahoo.com)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :-

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। যুগ্ম-সচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫। অফিস কপি।